দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 05 FEB 2005
পৃষ্ঠা ৩ কলাম ৭

# সার্ক শীর্ষ স্থগিত হলেও আজ 'ছায়া সম্মেলন' হচ্ছে

**স্টাফ রিপোর্টার ॥** সার্ক শীর্ষ সম্মেলন স্থগিত হলেও সার্কের "ছায়া সম্মেলন" হচ্ছে। প্রতিবারের মতো এবারও সার্ক সম্মেলনের পূর্বে নির্ধারিত ছায়া সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। আয়োজকরা জানিয়েছেন, আজ শনিবার থেকে ঢাকায় দু'দিনব্যাপী এই "ছায়া সম্মেলন" অনুষ্ঠিত হবে। সাউথ এশিয়া পার্টনারশিপ (এসএপি) এবং সাউথ এশিয়া এ্যালায়েন্স ফর পভার্টি ইরাডিকেশন (এসএএপিই) যৌথভাবে এই সম্মেলনের আয়োজন করেছে। এটা সার্কের ৫ম "ছায়া সম্মেলন।"

শুক্রবার জাতীয় প্রেসক্লাবের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানানো হয়েছে। আয়োজকরা সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, ব্র্যাক সেন্টারে অনুষ্ঠিত এই সম্মেলনের বিষয়বস্তুর মধ্যে রয়েছে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে জনগণের অবাধ যোগাযোগ, অস্ত্রের দৌরাত্ম্য কমিয়ে দরিদ্র মানুষের খাদ্যের ব্যবস্থা, মানবাধিকার রক্ষায় চার্ট তৈরি এবং গণতন্ত্র প্রতিষ্ঠা।

সাউথ এশিয়া পার্টনারশিপ-এর চেয়ারপার্সন বুশরা গহর সাংবাদিক সম্মেলনে বলেছেন, দক্ষিণ এশীয় অঞ্চলের দেশগুলোতে রাষ্ট্রপ্রধানদের নিরাপত্তার নিশ্চয়তা রয়েছে, নিরাপত্তার নিশ্চয়তা মূলত নেই জনগণের। সার্ক নেতাদের এই অঞ্চলের জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।' আর জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে না পারলে সার্ক সম্মেলন অর্থহীন। কারণ জনগণের জন্যই এই সার্ক সম্মেলন। তিনি বলেন, সার্ককে সত্যিকার অর্থে ফলপ্রসূ করতে হলে আরও জনমুখী হতে হবে। পাকিস্তানের নাগরিক বুশরা গহর আরও বলেছেন, নিরাপত্তার কথা বলে সার্ক সম্মেলন স্থগিত করা হলেও সাতটি দেশের প্রতিনিধিদের সংগঠন সাউথ এশিয়া পার্টনারশিপ এবং সাউথ এশিয়া এ্যালায়েন্স ফর পভার্টি ইরাডিকেশন-এর উদ্যোগে এই ছায়া সম্মেলন অনুষ্ঠিত হবে।

সাংবাদিক সম্মেলনে আয়োজকরা বলেছেন, দক্ষিণ এশিয়ার জনগণের দারিদ্র্য দূরীকরণে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে সার্ক নেতাদের। কারণ এই অঞ্চলের দুর্গতির জন্য রাষ্ট্র পরিচালনাকারীরাই দায়ী। জনগণের ইস্যুগুলো সার্কের সম্মেলনে কখনও আসে না, তাই এই ধরনের সম্মেলন করে গুরুত্বপূর্ণ বিষয়গুলো বাছাইয়ের পর সুপারিশ আকারে সার্কের সেক্রেটারি জেনারেলের কাছে জমা দেয়া হবে। যাতে সার্ক সম্মেলনের সময় এগুলো বিবেচনা করে বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়।

সার্কভুক্ত দেশগুলোর দু'শতাধিক প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করবে বলে আয়োজকরা জানিয়েছেন। সম্মেলনে নির্ধারিত আলোচনা ছাড়াও দক্ষিণ এশিয়ার দেশগুলোর উন্নয়ন এবং পারস্পরিক শান্তিপূর্ণ সম্পর্ক বজায় রাখার বিভিন্ন উপায় নিয়ে আলোচনা করা হবে। প্রতিনিধিদের উপস্থাপিত বক্তব্যগুলো সুপারিশ আকারে সার্কের সেক্রেটারি জেনারেলের কাছে উপস্থাপন করা হবে।

সাংবাদিক সম্মেলনে সাউথ এশিয়া পার্টনারশিপ-এর চেয়ারপার্সন বুশরা গহর (পাকিস্তান) ছাড়াও বক্তব্য রাখেন পদ্মা রত্নায়েক (শ্রীলঙ্কা), রোহিত কুমার নেপালী (নেপাল), সৈয়দ নুরুল ইসলাম (বাংলাদেশ), সাউথ এশিয়া এ্যালায়েন্স ফর পভার্টি ইরাডিকেশন-এর মহিউদ্দিন আহমেদ ও সোহরাব হাসান (বাংলাদেশ)।